

নম্বর: ২৭.০২.০০০০.০০০.০৩১.২২.০০০২.২৬.৩৯

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১৩ জুন ২০২৬

### বিজ্ঞপ্তি

বিষয়: নেট মিটারিং এর আওতা বহির্ভূত অফ-গ্রিড নবায়নযোগ্য জ্বালানি সিস্টেমসমূহের তথ্য জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে হালনাগাদকরণের নির্দেশনা/এসওপি/পদ্ধতি

জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজ (NDRE) অনুযায়ী অফগ্রিড সোলার সিস্টেমসমূহ নিয়ে উল্লেখিত ০২(দুই) টি পদ্ধতিতে NDRE-তে অন্তর্ভুক্ত করা যেতে পারে:

#### পদ্ধতি-১:

বিদ্যমান অফগ্রিড রুফটপ সোলার সিস্টেমকে অনগ্রিড সিস্টেমে রূপান্তরে আগ্রহী হলে প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে 'নেট মিটারিং নির্দেশিকা, ২০২৫' অনুসরণ করে অনগ্রিড সিস্টেমে কনভার্সন করতে পারবে এবং সিস্টেমের তথ্য জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজের নেট মিটারিং ক্যাটাগরীতে বিতরণ ইউটিলিটির মাধ্যমে এন্ট্রি প্রদান করা যেতে পারে।

#### পদ্ধতি-২:

অফগ্রিড সোলার সিস্টেমকে জাতীয় ডাটাবেইজে অন্তর্ভুক্তির নিমিত্ত নিম্নোক্ত ধাপসমূহ পর্যায়ক্রমে অনুসরণ করতে হবে। উল্লেখ্য, যেসকল সোলার সিস্টেমে কেবলমাত্র অফগ্রিড ইনভার্টার ব্যবহার করা হয়েছে; গ্রিড-টাইড ইনভার্টার ব্যবহার করে জাতীয় গ্রিড বা বিতরণ নেটওয়ার্কের সাথে কোন ভাবেই সংযুক্ত নয়; কেবলমাত্র তাদের ক্ষেত্রেই জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজে অফগ্রিড এন্ট্রি ব্যবস্থাপনা প্রযোজ্য হবে।

১। এই ধরনের এন্ট্রির জন্য ৬টি বিদ্যুৎ বিতরণ ইউটিলিটি, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং কিছু বিশেষায়িত সংস্থা যেমন: LGED, DPHE ইত্যাদি প্রতিষ্ঠান হতে জাতীয় নবায়নযোগ্য জ্বালানি ডাটাবেইজ (NDRE)-এ এন্ট্রি প্রদানের জন্য নির্ধারিত User রয়েছে। ইউজার তালিকা ডাটাবেইজে ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে।

২। ডাটা এন্ট্রির সুবিধার্থে বিতরণ সংস্থা/কোম্পানীর বিতরণ অফিসভিত্তিক Sub-User প্রদানের ব্যবস্থা আছে, মূল Agency User উক্ত প্রতিষ্ঠানের Sub-User সমূহের এন্ট্রি/হালনাগাদ কার্যক্রম মনিটরিং করেন। ইতোমধ্যে DESCO'সহ কিছু প্রতিষ্ঠান এই ধরনের বিতরণ অফিসভিত্তিক Sub-User ব্যবহার ব্যবস্থা চালু রয়েছে। এছাড়া, বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর পল্লী বিদ্যুৎ সমিতিভিত্তিক এই সুবিধা পূর্বে ব্যবহার করত। সকল বিতরণ ইউটিলিটি চাইলে Sub-User সুবিধাটি NDRE-এ তথ্য এন্ট্রি বা হালনাগাদের সুবিধার্থে গ্রহণ করতে পারে।

৩। সরকারি সহায়তা বা প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত অফগ্রিড সোলার সিস্টেমসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মাধ্যমে NDRE -এ এন্ট্রি প্রদান এবং অবশিষ্ট অফগ্রিড রুফটপ সোলার সিস্টেমসমূহকে সংশ্লিষ্ট বিতরণ ইউটিলিটির মাধ্যমে এন্ট্রি প্রদান করার ব্যবস্থা রয়েছে।

৪। অফগ্রিড সোলার সিস্টেম NDRE এ অন্তর্ভুক্তির ক্ষেত্রে কেউ অনভিপ্রেত সমস্যা অনুভব করলে তারা সংশ্লিষ্ট ইউটিলিটি বা স্রেডায় যোগাযোগ করতে পারেন।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

*Asraf Ali*

১৩-০৬-২০২৬

ড. আশরাফুল আলম  
সদস্য

ফোন : +৮৮-০২-৫৫১১০৩৪৪

ইমেইল : member.re@sreda.gov.bd

সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

লজিস্টিক্স এন্ড প্রটোকল শাখা, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।

